

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ১৩

নভেম্বর ১৯, ২০১৫
তারিখ : -----
অগ্রহায়ণ ৫, ১৪২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

আমানত ও ঋণের সুদ হার যৌক্তিকীকরণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-০১, তারিখ-জানুয়ারী ২২, ২০১২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলার লেটারের মাধ্যমে উচ্চতর ঝুঁকিবাহী ভোক্তাঋণ (ক্রেডিট কার্ড ঋণসহ) ও এসএমই ঋণ ছাড়া অন্যান্য খাতে ঋণের সুদ হার এবং আমানত সংগ্রহের গড়ভারিত সুদ হারের ব্যবধান বা intermediation spread নিম্নতর এক অংক (lower single digit) পর্যায়ে সীমিত রাখার জন্য আপনাদেরকে নির্দেশনা দেয়া হয়।

প্রসঙ্গত, দেশের অর্থনৈতিক উন্নয়নে এসএমই খাতের ভূমিকা অনস্বীকার্য। জাতীয় আয় বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টিতে এসএমই খাত উল্লেখযোগ্য অবদান রাখছে। এসএমই খাতের উন্নয়নকে শিল্পায়নের চালিকা শক্তি হিসেবে বিবেচনা করে সরকার এ খাতকে অগ্রাধিকার খাত হিসেবে চিহ্নিত করেছে। এসএমই খাতের উন্নয়নে বাংলাদেশ ব্যাংক পুনঃঅর্থায়নসহ বিভিন্ন সুবিধা প্রদান করলেও ব্যাংকগুলো এ খাতে উচ্চ সুদ হার আরোপ করেছে মর্মে উদ্যোক্তাসহ বিভিন্ন মহলের নিকট হতে অভিযোগ পাওয়া যাচ্ছে।

উল্লিখিত প্রেক্ষাপটে এসএমই খাতে ঋণের সুদ হার যৌক্তিক পর্যায়ে নির্ধারণের লক্ষ্যে ক্রেডিট কার্ড ও ভোক্তাঋণ ছাড়া অন্যান্য খাতে ঋণ এবং আমানতের গড়ভারিত সুদ হারের ব্যবধান বা intermediation spread নিম্নতর এক অংক (lower single digit) পর্যায়ে সীমিত রাখার জন্য আপনাদেরকে নির্দেশনা দেয়া যাচ্ছে। এতদ্ব্যতীত অন্যান্য খাতে প্রদত্ত ঋণকে এসএমই ঋণ হিসেবে না দেখিয়ে এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সংজ্ঞা সঠিকভাবে অনুসরণপূর্বক প্রকৃত এসএমই খাতে ঋণ সুবিধা প্রদান করার জন্যও আপনাদেরকে নির্দেশ দেয়া হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(আবু ফরাহ মোঃ নাছের)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২